দৈনিক বাংলা

তারিখ ০২ NOV ... 
পৃষ্ঠা ২ কলাম ৪

# হাসিনার সঙ্গে ভিসি'র বৈঠক

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা গতকাল আওয়ামী লীগ সভা-নেত্রী এবং সংসদে বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ভি সি'র বৈঠক

(প্রথম পৃঃ পর)

জানা গেছে, ভাইস-চ্যান্সেলর বিরোধী দলীয় নেত্রীর সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি বিশেষ করে সম্প্রতি গোলাগুলিতে তিনজন ছাত্রের মৃত্যুর ঘটনা নিয়ে আলোচনা করেন। তিনি বিশ্ববিদ্যালয় শৃঙ্খলা ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার জন্য বিরোধী দলীয় নেত্রীসহ সকল রাজনৈতিক দলের সহযোগিতা কামনা করেন।

বিরোধী দলের নেত্রীর মিন্টু রোডস্থ বাসভবনে অনুষ্ঠিত এ বৈঠকে শেখ হাসিনা ভিসিকে বলেন, তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের কার্যক্রম স্থগিত ঘোষণা করেছেন। এর বেশি আর কিছু করার নেই। তিনি বলেন, শিক্ষাঙ্গণে সন্ত্রাস দমনের দায়িত্ব সরকারের। এ কাজটি তাদেরকেই করতে হবে।

42